GenAI may substitute 8-12% of India's non-farm workforce

Goldman Sachs report says 42-48% of workforce expected to benefit from AI-driven augmentation

AUHONA MUKHERJEE
New Delhi, 29 July

Around 8-12 per cent of India's non-agricultural jobs face the risk of substitution by Generative artificial intelligence (GenAI) while 42-48 per cent of the workforce is expected to benefit from AI-driven augmentation, according to a Goldman Sachs report released on Wednesday.



The investment bank estimates that GenAI could perform 9-17 per cent of the tasks currently undertaken by India's non-agricultural workforce.

However, this depends on the complexity of tasks the technology is eventually able to handle.

Under its baseline scenario, around 13-15 per cent of tasks are exposed to AI automation.

In most occupations, AI is likely to free workers from routine tasks and improve productivity rather than replace them entirely.

The impact will vary significantly across sectors, the report said.

Healthcare, education, media, and financial and professional services are expected to benefit the most as AI assists workers with diagnostics, analytics, research and other knowledge-intensive tasks.

In contrast, routine business-process work, including post and telecom services, is more vulnerable to substitution because of its concentration of repetitive and codifiable tasks.

Manufacturing and construction are expected to remain relatively less affected as their work is predominantly physical.

The report projected a shift in occupational composition rather than broad-based job losses.

Employment declines are expected to be concentrated among clerical support workers (around 3 per cent of non-agricultural employment), followed by professionals (3 per cent), services and sales workers (2 per cent) and technicians (1 per cent).

At the same time, physical occupations could see employment rise by around 4 per cent, followed by craft and trade-related workers (3 per cent) and plant and machine operators (2 per cent), as manual and interpersonal tasks remain difficult to automate.

Manufacturers bet on AI, but lag on innovation: PwC report

India's manufacturers show greater ambition towards technology enablement than their global peers, but a lack of innovation and coherent integration, along with a gap between investment intent and strategic vision, could pose a challenge, according to a report by PwC India. The report said 59 per cent of domestic manufacturers believe artificial intelligence (AI) will play a key role in helping their companies achieve strategic goals over the next five years, compared with 52 per cent globally.

AKSHAT AYUSH

Publicis challenges CCI over brand-versus-entity jumble

REUTERS
New Delhi. 29 July

France's Publicis has launched a court challenge against the Competition Commission of India (CCI) over its toughest-ever crackdown on the advertising industry, arguing that the regulator has wrongly put the global brand name "Publicis Groupe" in the dock instead of the Indian legal entity.

The CCI last year rattled India's nearly $30 billion media and entertainment industry with dawn raids on the local operations of WPP's GroupM, Dentsu, Publicis, Omnicom and other agencies over suspected collusion on advertising rates and discounts.

> THE COMPANY SAYS THE REGULATOR SHOULD NAME ITS INDIAN UNIT IN AN ONGOING PROBE RATHER THAN ITS GLOBAL BRAND NAME "PUBLICIS GROUPE"

However, Publicis says the CCI should amend its investigation papers to name its Indian unit, TLG India, rather than "Publicis Groupe", according to confidential documents reviewed by *Reuters*.

The dispute, ongoing for more than a year in court and internally at the CCI, has effectively delayed the antitrust investigation into one of the world's biggest advertising groups.

The broader case could reshape how advertising is priced and sold in India.

During a Delhi High Court hearing last week, however, CCI's lawyer Jayant Mehta told the judge they could consider adding TLG India to the case and would return with a decision, but added the company's "endeavour is to somehow get exclusion" of its parent from the ambit of the case.

The CCI and Publicis did not respond to requests for comment.

Details of cartel cases are kept confidential in India, but *Reuters* had reported that the CCI's initial assessment found the firms used a WhatsApp group to coordinate and agree on pricing and entered into secret pacts. The case was triggered after Dentsu made submissions under a whistleblower-protection-like programme for lenient fines, *Reuters* had reported.

Brand name vs legal name

Documents show that when CCI sought permission for raids last year from court, it named all the Indian units of global advertising agencies, such as GroupM Media India, Dentsu Aegis Network India and Omnicom Media Group India.

In Publicis' case, however, it named the entity as "Publicis Groupe".

প্রয়াত সঙ্গীতাচার্য অমিয়রঞ্জন

আজকালের প্রতিবেদন

তাঁর শততম জন্মদিনে ২১ ফেব্রুয়ারি গোলপার্কের রামকৃষ্ণ মিশনে খেয়াল গেয়েছিলেন তিনি। বুধবার গুরুপূর্ণিমার দিনে জীবনাবসান হল বিষ্ণুপুর ঘরানার প্রবাদপ্রতিম শিল্পী সঙ্গীতাচার্য পণ্ডিত অমিয়রঞ্জন বন্দ্যোপাধ্যায়ের। এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বুধবার দুপুর আড়াইটে নাগাদ প্রয়াত হয়েছেন এই সঙ্গীতসাধক। রয়েছেন স্ত্রী, একমাত্র পুত্র, পুত্রবধূ এবং নাতি। গত ৮ জুলাই পড়ে গিয়ে পায়ের হাড় ভেঙে যায়। এসএসকেএম হাসপাতালেই পায়ের অপারেশন হয় ২০ জুলাই। দিন চারেক আগে ইনফেকশন বাড়ায় ফের হাসপাতালে নিতে হয়। পণ্ডিত অমিয়রঞ্জন বন্দ্যোপাধ্যায়ের জন্ম ১৯২৭–এর ২১ ফেব্রুয়ারি কলকাতার টেগোর ক্যাস্‌ল স্ট্রিটে। বাবা বিষ্ণুপুর ঘরানার কণ্ঠসঙ্গীতশিল্পী সঙ্গীতাচার্য সত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায়। পড়াশোনা উত্তর কলকাতার ওরিয়েন্টাল সেমিনারি স্কুলে। বাংলা ভাষায় স্নাতকোত্তর করার পর পিএইচডি করেছিলেন সঙ্গীতের নন্দনতত্ত্ব নিয়ে। তিনি ছিলেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের অন্যতম প্রতিষ্ঠাতা ও বিভাগীয় প্রধান। ৩০ বছরেরও বেশি সময় অধ্যাপনা শেষে ১৯৯২ সালে অবসরগ্রহণ করেন। বিষ্ণুপুর ঘরানার শিল্পী হয়েও ঘরানার বাঁধনে নিজেকে বেঁধে রাখেননি। অন্য ঘরানার যা–কিছু গ্রহণীয়, আত্মস্থ করতে দ্বিধা করেননি তিনি। প্রিয় শিল্পী ছিলেন উস্তাদ আমির খাঁ, সঙ্গীতাচার্য তারাপদ চক্রবর্তী। দেশে ও বিদেশে বিভিন্ন সঙ্গীত সম্মেলনে বিষ্ণুপুর ঘরানার গায়কিকে তুলে ধরেছিলেন। পেয়েছেন বহু পুরস্কার। তৈরি করেছিলেন অসংখ্য বন্দিশ, সুর করেছিলেন বেশ কিছু বাংলা রাগপ্রধান গানের। একই সঙ্গে ছিলেন ভারতীয় মার্গসঙ্গীতের অন্যতম শিক্ষক। তাঁর শিষ্যদের মধ্যে অন্যতম পণ্ডিত অজয় চক্রবর্তী, পুত্র পণ্ডিত শান্তনু বন্দ্যোপাধ্যায় এবং রামানুজ দাশগুপ্ত। মৃত্যুসংবাদ পেয়ে হাসপাতালে ভিড় করেন অসংখ্য অনুরাগী ও শিষ্য–শিষ্যা। হাসপাতালেই মুখ্যমন্ত্রীর তরফ থেকে শেষ শ্রদ্ধা জানানো হয় প্রবীণ সঙ্গীতাচার্যকে। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন পণ্ডিত অজয় চক্রবর্তী, পণ্ডিত সমর সাহা, পণ্ডিত বিপ্লব মণ্ডল, রামানুজ দাশগুপ্ত, দীপঙ্কর আচার্য, নন্দিনী চক্রবর্তী, শুভ্রকান্তি চট্টোপাধ্যায় এবং শিল্পীর সহোদর নীহাররঞ্জন বন্দ্যোপাধ্যায় প্রমুখ। বুধবার রাত আটটা নাগাদ দক্ষিণ কলকাতায় তাঁর ছেলের বাড়িতে মরদেহ আনা হয়। রাতেই কেওড়াতলা শ্মশানে শেষকৃত্য সম্পন্ন হয় ভারতীয় মার্গসঙ্গীতের এই প্রবীণ গুরুর।

আইআইএসইআরের উদ্যোগে সামার ক্যাম্প

আইআইএসইআর কলকাতার উদ্যোগে কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন, সায়েন্স সিটি কলকাতা, ন্যাশনাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়াম একযোগে আয়োজন করেছিল সামার ক্যাম্প ২০২৬। ১৫ জুলাই এই ক্যাম্প উদ্বোধন হয়। ছিলেন কেন্দ্রীয় শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সুকান্ত মজুমদার, কল্যাণী রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী দুর্গানাথানন্দজি মহারাজ, কেন্দ্রীয় বিদ্যালয় (কলকাতা রিজিয়ন)–এর সহকারী কমিশনার দিবাকর ভট্ট, ডেপুটি ডিরেক্টর সুনীলকুমার খারে, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক রাহুল ব্যানার্জি–সহ অন্য বিশিষ্টরা। আটদিন ধরে চলে এই সামার ক্যাম্প। জীববিজ্ঞান, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, পরিবেশবিদ্যা নিয়ে অধ্যাপকরা পড়ুয়াদের নানা বিষয়ে আলোকপাত করেন।

বিশ্ব ওআরএস দিবস উপলক্ষে শিয়ালদা স্টেশনে আয়োজিত হল জনসচেতনতা শিবির। শিয়ালদা স্টেশনে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার মিলিন্দ দেওস্করের নেতৃত্বে এবং বি আর সিং হাসপাতাল ও ওয়েস্ট বেঙ্গল অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক্সের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে যাত্রীদের বিনামূল্যে ওআরএস প্যাকেট ও লিফলেট বিতরণ করলেন স্বাস্থ্যকর্মীরা। ডায়রিয়া প্রতিরোধ ও ডিহাইড্রেশন এড়াতে বর্ষাকালে ওআরএসের সঠিক ব্যবহার বোঝাতে ডাঃ মিহির সরকার ও ডাঃ সঞ্জীব চৌধুরির মতো বিশিষ্ট চিকিৎসকরা স্টেশনে উপস্থিত ছিলেন। শিয়ালদার মতো ব্যস্ত স্টেশনে প্রতিদিনের লক্ষ লক্ষ যাত্রীকে সচেতন করে জনস্বাস্থ্য রক্ষা ও ডায়রিয়াজনিত মৃত্যু রোধ করাই ছিল পূর্ব রেলের এই উদ্যোগের মূল উদ্দেশ্য।

ইডি দপ্তরে হাজিরা দিলেন মদন

আজকালের প্রতিবেদন

পুরনিয়োগ মামলায় বুধবার বিধাননগরে ইডি দপ্তরে হাজিরা দিলেন কামারহাটির বিধায়ক মদন মিত্র। এর আগে তাঁর স্ত্রী অর্চনা মিত্র ও ছেলে স্বরূপ মিত্র ও ছোটছেলে শুভময় মিত্র হাজিরা দিয়েছেন। এদিন দীর্ঘক্ষণ তিনি ইডি দপ্তরে ছিলেন। পরে সাংবাদিকদের জানান, যে সমস্ত নথিপত্র আনতে বলেছে, এনেছি। তদন্তে সহযোগিতা করব। আমি কোনও দুর্নীতিতে জড়িত নই। এদিন বেলা ১১টা নাগাদ তিনি আসেন। বেশ কিছুদিন আগেই তাঁকে ইডি নোটিস পাঠিয়েছিল।

কালীচরণের জামিন

ব্যাঙ্কশাল আদালত থেকে অবশেষে জামিন কলকাতা পুরসভার ওএসডি কালীচরণ ব্যানার্জির। অভিযোগ ছিল, দুটি প্রেমিসেসে নির্মাণের প্ল্যান অনুমোদন করার জন্য ২০টি আইফোন চাওয়া হয়েছিল। লালবাজারের গুন্ডাদমন শাখা তদন্তে নেমে তাঁকে গ্রেপ্তার করে। পুলিশ হেফাজত হয়। বুধবার তাঁকে আদালতে হাজির করানো হয়। আদালত এক হাজার টাকার বন্ডে তাঁর জামিন মঞ্জুর করেছে। ৩০ সেপ্টেম্বর ফের শুনানি।

প্রধানমন্ত্রীকে কটূক্তি, নোটিস দিল্লি পুলিশের

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৯ জুলাই

সিজেপির ছাত্র আন্দোলন চলাকালীন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং পুলিশকে লক্ষ্য করে সামাজিক মাধ্যমে আপত্তিকর ও কটূক্তিমূলক পোস্ট করার অভিযোগে একাধিক এক্স অ্যাকাউন্টে নোটিস পাঠিয়েছে দিল্লি পুলিশ। সংবাদমাধ্যমের কয়েকটি অ্যাকাউন্টও এই নোটিসের আওতায় এসেছে বলে জানা গেছে। সংশ্লিষ্ট পোস্টগুলিতে অশালীন ভাষা ব্যবহারকারীদের পরিচয় জানতে এক্স-কে তথ্য চেয়ে নোটিস পাঠানো হয়েছে। তবে ঠিক কতগুলি অ্যাকাউন্টে নোটিস জারি হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। দিল্লি পুলিশ জানিয়েছে, ছাত্র আন্দোলন ও ২০ জুলাইয়ের ‘সংসদ চলো’ কর্মসূচিকে ঘিরে হওয়া বিক্ষোভ ও সঙ্ঘর্ষের সময় এবং তার পরবর্তী পর্যায়ে বিভিন্ন সামাজিক মাধ্যমের পোস্ট, ভিডিও ও মন্তব্য খতিয়ে দেখা হয়। আইনশৃঙ্খলা বিঘ্নিত হওয়ার আশঙ্কা এবং আইন লঙ্ঘনের সম্ভাবনা রয়েছে—এমন বিষয়বস্তু চিহ্নিত করেই এই পদক্ষেপ করা হয়েছে বলে জানা গিয়েছে।

‘প্রধানমন্ত্রীর পোস্ট মোছায় কড়া ব্যবস্থা’

সংবাদ সংস্থা

দিল্লি, ২৯ জুলাই

প্রধানমন্ত্রী এবং বিশিষ্টদের অ্যাকাউন্টে পোস্ট-করা কনটেন্ট নিরাপদ রাখতে বাড়তি কী ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে, কেন্দ্রকে তা লিখিত জানাল মেটা। সূত্রের খবর, মেটা তথ্যপ্রযুক্তি মন্ত্রককে এ কথাও জানিয়েছে, এখন থেকে প্রধানমন্ত্রী এবং বিশিষ্টদের মেটা অ্যাকাউন্টে বাড়তি নজর রাখা হবে এবং পদস্থ আধিকারিকেরা একাধিক বার তাঁদের পোস্টগুলি ঠিকমতো দেখা যাচ্ছে কি না, খেয়ালে রাখবেন। মন্ত্রককে লেখা মেটার নোট উল্লেখ করে এই খবর জানিয়েছে ওই সূত্র। প্রধানমন্ত্রীর ফেসবুক পোস্ট মুছে যাওয়ার বিষয়ে ব্যাখ্যা দিতে এই সপ্তাহে কিংবা আগামী সপ্তাহের গোড়ায় মেটার আধিকারিকেরা কেন্দ্রীয় সরকারি আধিকারিকদের সঙ্গে দেখা করতে পারেন। তবে এ বিষয়ে সরাসরি মুখ খোলেননি মেটা কর্তৃপক্ষ।

টিকায়েতের সঙ্গে বৈঠক সিজেপির

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৯ জুলাই

ছাত্র আন্দোলনের গণ্ডি পেরিয়ে এবার ককরোচের লক্ষ্য কৃষক মঞ্চ। কৃষকনেতা রাকেশ টিকায়েতের সঙ্গে বৈঠক করেছেন সিজেপি নেতৃত্ব। বুধবার সিজেপি মুখপাত্র আশুতোষ রাঙ্কা বলেন, দেশের কৃষক, ছাত্র ও যুবসমাজকে ঐক্যবদ্ধ করে মোদি সরকারের বিরুদ্ধে বৃহত্তর আন্দোলন গড়ে তোলাই আমাদের লক্ষ্য। সিজেপির দাবি, ৩৬ দিনের আন্দোলন স্থগিত হলেও ছাত্রদের বিরুদ্ধে দায়ের হওয়া মামলা প্রত্যাহার-সহ আন্দোলনকালে দেওয়া বিভিন্ন প্রতিশ্রুতি পূর্ণ হয়নি। রাজস্থান-সহ কয়েকটি রাজ্যে এখনও এফআইআর দায়ের হচ্ছে বলে অভিযোগ সিজেপির।

পাশাপাশি, এদিনই দিল্লির তালকাটোরা স্টেডিয়ামে জাতীয় শ্রমিক-কৃষক সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে বিভিন্ন শ্রমিক ও কৃষক সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন। দাবি আদায়ে ঐক্যবদ্ধ হয়ে লড়াইয়ের ডাক দেওয়া হয়। দিল্লিতে সংযুক্ত কিসান মোর্চার বৈঠক হয়েছে সম্প্রতি। ১০ আগস্ট ভারত-মার্কিন মুক্ত বাণিজ্য নীতির প্রতিবাদে দেশের এক হাজার জায়গায় বিক্ষোভ এবং ২৬ নভেম্বর কৃষক আন্দোলনের বর্ষপূর্তিতে দিল্লি-সহ ১০০টি স্থানে মিছিলের কর্মসূচি ঘোষণা করা হয়েছে।



ভূমিকম্পে কুমোমোতোয় ভেঙে পড়েছে ঘরবাড়ি। মঙ্গলবারের ভূমিকম্পে জাপানে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৮। সেনা ও বিপর্যয় মোকাবিলা বাহিনী এখনও আটকে পড়া মানুষের সন্ধানে তল্লাশি চালাচ্ছেন মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত শপিং মল এবং ধসে পড়া বাড়িগুলোয়। জাপানের ভূকম্প-প্রতিরোধ ব্যবস্থা খুবই শক্তিশালী। সে কারণে হতাহতের সংখ্যা কমানো সম্ভব হয়েছে। ৭.১ মাত্রার এই ভূমিকম্পে আহত কমপক্ষে ৬২ জন। ৬ জনের অবস্থা গুরুতর। ছবি: এপি

মাওবাদী নেতা মিসির বেসরা ধৃত মাথার দাম ছিল ২ কোটি ২০ লক্ষ

সংবাদ সংস্থা

রাঁচি, ২৯ জুলাই

মিসির বেসরা

মাওবাদী পলিটব্যুরোর শেষ সদস্য মিসির বেসরাকে গ্রেপ্তার করল যৌথবাহিনী। মঙ্গলবার রাতে ঝাড়খণ্ডের ধানবাদ জেলা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। তাঁর সঙ্গে আরও চারজন ধরা পড়েছে। তাঁদের ভেতর দু’জন শীর্ষ মাওবাদী নেতা মেহেনত ওরফে মচু ও গৌরব, এবং দু’জন স্থানীয় গ্রামবাসী। মিসির বেসরার মাথার দাম ছিল ২ কোটি ২০ লক্ষ টাকা। মচু ও গৌরবের মাথার দাম ছিল যথাক্রমে ১৫ লক্ষ টাকা করে। মিসিরের ঘনিষ্ঠ তাঁরা। অপহরণ, খুন, লুঠপাট-সহ মোট ১৭৫টি মামলা ঝুলছে মিসির বেসরার বিরুদ্ধে। ধৃতদের কাছ থেকে তিনটি একে ৪৭ রাইফেল, আটটি ম্যাগাজিন, ২৮৮ রাউন্ড গুলি উদ্ধার হয়েছে। মিসিরের গ্রেপ্তারি মাওবাদীদের কাছে বড় ধাক্কা বলে জানিয়েছে ধানবাদ পুলিশ। মিসির বেসরার ঘনিষ্ঠ মালতী, জবা এবং মদনকে খুঁজছে পুলিশ। গতকাল ১৬ জন মাওবাদী আত্মসমর্পণ করেন, সম্মিলিত ভাবে তাঁদের মাথার দাম ছিল ৩৯ লক্ষ টাকা। তারপরই গ্রেপ্তার হন মিসির বেসরা। ওদিকে ছত্তিশগড়ের বিজাপুরে আত্মসমর্পণ করেছেন আটজন মাওবাদী। সম্মিলিত ভাবে তাঁদের মাথার দাম ছিল ৪৯ লক্ষ টাকা।

সিপিআই (মাওবাদী) গঠিত হওয়ার পর দলের মিলিটারি কমিশনের দায়িত্বে ছিলেন ৬৫ বছরের মিসির বেসরা। তাঁর কাজ ছিল মূলত ঝাড়খণ্ডের লাতেহার, গিরিডি ও সিংভূম জেলার কয়েকটি জায়গায়। দীর্ঘদিন লুকিয়ে ছিলেন। বার কয়েক পশ্চিমবঙ্গেও আত্মগোপন করেছিলেন।

ডিজিপি তাদাশা মিশ্র জানান, মঙ্গলবার পুলিশের কাছে খবর আসে বেসরা ও তাঁর কয়েকজন সঙ্গী ধানবাদ-গিরিডি সীমান্ত লাগোয়া মানিয়াডিহায় লুকিয়ে। এলাকা ঘিরে অভিযান চালায় যৌথবাহিনী। অভিযানে ধরা পড়েন বেসরা ও তাঁর কয়েকজন সঙ্গী। ২০০৫ সালে জেহানাবাদ জেলভাঙার ঘটনায় জড়িত থাকার অভিযোগ ধৃতদের বিরুদ্ধে। এছাড়া ব্যাঙ্ক লুঠ, অস্ত্রলুঠ ও একাধিক বিস্ফোরণের ঘটনায় বেসরার যোগসাজশের অভিযোগ রয়েছে। শতাধিক নিরাপত্তা কর্মীর মৃত্যুর ঘটনায় অভিযুক্ত তাঁরা। তিনজনের বিরুদ্ধে মোট ৩২০টি মামলা রয়েছে।

বেসরার ভাই দেবলাল জানান, ‘১৯৮৬-৮৭ সাল থেকে মিসির বাড়িতে আসেনি। আমাদের এক ভাইপো আছে। এক ভাইঝি ছিল, মারা গেছে। বারবার আমরা মিসিরকে মূলস্রোতে ফেরার আর্জি জানিয়েছিলাম। মঙ্গলবার রাত ১০-১১ নাগাদ জানতে পারি গিরিডি আর ধানবাদের মাঝামাঝি জায়গা থেকে মিসির গ্রেপ্তার হয়েছে।’

১৩ জন ভারতীয় নাবিক আটকে, নজর দূতাবাসের

সংবাদ সংস্থা

কিয়েভ, ২৯ জুলাই

কৃষ্ণসাগরে ইউক্রেনের চরনোমরস্ক বন্দরের কাছে আটকে রয়েছে পণ্যবাহী জাহাজ এমভি আমির১। ১৩ ভারতীয়-সহ ১৫ জন নাবিক রয়েছেন সেটিতে। ফরওয়ার্ড সিম্যানস ইউনিয়ন অফ ইন্ডিয়া (এফএসইউআই) অভিযোগ করেছিল, ভেসেলের আশপাশে ক্রমাগত ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালানো হচ্ছে। এর ফলে নাবিকদের জীবন বিপন্ন। দ্রুত সংশ্লিষ্ট সমস্ত কর্তৃপক্ষ-সহ ভারত সরকারের হস্তক্ষেপ দাবি করেছিল তারা। এবার এই বিষয়ে মুখ খুলল ইউক্রেনের ভারতীয় দূতাবাস। তারা জানিয়েছে, এমভি আমির১-এ থাকা ভারতীয় নাবিকদের সুরক্ষায় সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে। এক্স হ্যান্ডলে কিয়েভের ভারতীয় দূতাবাস লিখেছে, ‘এমভি আমির১-এ থাকা ভারতীয় নাবিকদের বিষয়টি আমাদের নজরে এসেছে। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। জাহাজে থাকা সমস্ত ভারতীয় নাবিকের সুরক্ষা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে।’ উল্লেখ্য, ২৫ জুলাই ইউক্রেনের ওডেসা বন্দরে আটকে থাকা এমভি এজিএন রাগনারে চারজন নাবিক ছিলেন। তাঁদের মধ্যে দু’জন নিখোঁজ। ভারত এবং ইউক্রেন যৌথ ভাবে ওই দু’জনের খোঁজ চালাচ্ছে। এই পরিস্থিতিতে কৃষ্ণসাগরে ১৩ ভারতীয় নাবিক আটকে থাকার খবর সামনে এল।

রেল দুর্ঘটনা কমেছে: অশ্বিনী

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৯ জুলাই

প্রযুক্তি-নির্ভর নিরাপত্তা ব্যবস্থা, আধুনিক পরিকাঠামো এবং উন্নত রক্ষণাবেক্ষণের ফলে ভারতীয় রেলে দুর্ঘটনার সংখ্যা উল্লেখযোগ্য ভাবে কমেছে, জানিয়েছে কেন্দ্র। লোকসভায় লিখিত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, ২০২৬-’২৭ অর্থবর্ষে জুন মাস পর্যন্ত দেশে মাত্র দুটি ট্রেন দুর্ঘটনা ঘটেছে। ২০১৪-১৫ সালে যেখানে এই সংখ্যা ছিল ১৩৫, সেখানে ২০২৫-২৬ সালে তা কমে হয় ১৬। রেলমন্ত্রী জানান, দেশীয় প্রযুক্তিতে তৈরি স্বয়ংক্রিয় ট্রেন সুরক্ষা ব্যবস্থা ‘কবচ ৪.০’ ইতিমধ্যেই দিল্লি-মুম্বই ও দিল্লি-হাওড়া করিডর-সহ ২,৬৬৯ রুট-কিলোমিটারে চালু হয়েছে। এছাড়া আরও ২১,৮৫৮ রুট-কিলোমিটারে এই ব্যবস্থা স্থাপনের কাজ চলছে। অন্য একটি প্রশ্নের জবাবে রেলমন্ত্রী জানান, ২০১৪ সাল থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত ভারতীয় রেলে মোট ৫ লক্ষ ৫৬ হাজার জনকে নিয়োগ করা হয়েছে। নিয়োগ প্রক্রিয়াকে আরও স্বচ্ছ ও সহজলভ্য করতে কম্পিউটারভিত্তিক পরীক্ষা (সিবিটি) ব্যবস্থা দেশ জুড়ে ১৫০টিরও বেশি শহরে এবং ১৫টি ভাষায় আয়োজন করা হয়েছে।

‘শাহকে সরান’, প্রধানমন্ত্রীকে বার্তা রাহুলের

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৯ জুলাই

লোকসভায় বক্তব্য রাখতে না দেওয়ার অভিযোগ তুলে সরব হলেন বিরোধী দলনেতা রাহুল গান্ধী। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ইস্তফার দাবিতেও সরব হলেন তিনি। বুধবার সংসদ মুলতুবি হওয়ার পর দিল্লিতে কংগ্রেসের সদর দপ্তরে সাংবাদিক বৈঠকে রাহুল জানান, বিজেপি বা আরএসএসের কাছে তিনি কোনও অবস্থাতেই ক্ষমা চাইবেন না। রাহুল অভিযোগ করেন, ছাত্র আন্দোলনে পুলিশের পেলেট গানের ব্যবহার এবং লাঠিচার্জের জন্য অমিত শাহ দায়ী। তাঁর দাবি, দিল্লি পুলিশ স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনেই কাজ করে। ফলে হয় স্বরাষ্ট্রমন্ত্রী এই অভিযানের নির্দেশ দিয়েছিলেন, নয়তো তাঁকে অন্ধকারে রাখা হয়েছে— দুই ক্ষেত্রেই দায় এড়ানো যায় না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উদ্দেশে তাঁর বার্তা, ‘অমিত শাহকে সরান’।

ই-কেওয়াইসি না দিলে গ্যাস ২০০০

১৬ আগস্টের মধ্যে গৃহস্থালির রান্নার গ্যাসের প্রতিটি গ্রাহককে অনলাইনে আধারভিত্তিক কেওয়াইসি বা ই-কেওয়াইসি প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে। তা না হলে তার পরদিন থেকে ১৪.২ কেজির সিলিন্ডার কিনতে হবে ২০০০ টাকা দামে। এই মর্মে সম্প্রতি সব গ্রাহককে সতর্ক করেছে রাষ্ট্রায়ত্ত তেল সংস্থাগুলি। একই নিয়ম কার্যকর হবে উজ্জ্বলা গ্রাহকদের ক্ষেত্রেও।

লোকসভায় ধ্বনি ভোটে পাশ প্রশ্নফাঁস রোধ বিল

বীরেন ভট্টাচার্য

দিল্লি, ২৯ জুলাই

লোকসভায় পাশ হয়ে গেল প্রশ্নফাঁস প্রতিরোধ সংশোধনী বিল বা ‘পাবলিক এগ্‌জামিনেশন— প্রিভেনশন অফ আনফেয়ার মিন্‌স—অ্যামেন্ডমেন্ট বিল। এবার বিলটি রাজ্যসভায় পেশ করা হবে। সেখানে পাশ হয়ে গেলে রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে বিলটি আইনে পরিণত হবে।

এই বিলে প্রশ্নফাঁস বা পরীক্ষায় যে-কোনও অনিয়মের সঙ্গে জড়িত ব্যক্তির ন্যূনতম পাঁচ বছর এবং সর্বোচ্চ ১০ বছরের জেল হতে পারে। ৫০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানার বিধান রয়েছে। এই ক্ষেত্রে সংগঠিত অপরাধের ক্ষেত্রে অপরাধের সঙ্গে জড়িতদের ন্যূনতম সাত বছরের জেল এবং ১০ কোটি টাকা পর্যন্ত জরিমানার বিধান রয়েছে। এই বিলে রাজ্যগুলিকে বিশেষ ক্ষমতা দিয়ে বলা হয়েছে, প্রশ্নফাঁস সংক্রান্ত মামলার বিচারে যে-কোনও দায়রা আদালতকে বিশেষ ফাস্ট ট্র্যাক কোর্টে রূপান্তরিত করতে পারবে। ফাস্ট ট্র্যাক কোর্ট দৈনিক শুনানির মাধ্যমে চার্জশিট জমার তিন মাসের মধ্যে বিচার সম্পন্ন করবে। এ ধরনের মামলায় রাজ্য সরকারগুলিকে স্পেশ্যাল পাবলিক প্রসিকিউটর নিয়োগের ক্ষমতা দেওয়া হয়েছে। এ ছাড়া বিলটিতে বলা হয়েছে: এ ধরনের যে-কোনও অপরাধের তদন্তের জন্য কেন্দ্রীয় সরকার বিশেষ টাস্ক ফোর্স (এসটিএফ) গঠন করতে পারবে। তদন্তের কাজ দু’মাসের মধ্যে শেষ করতে হবে। ফাস্ট ট্র্যাক কোর্টের নির্দেশের বিরুদ্ধে হাইকোর্টের দুই সদস্যের ডিভিশন বেঞ্চে আবেদন জানানোর সুযোগ থাকবে। আবেদনের তারিখ থেকে তিন মাসের মধ্যে তার নিষ্পত্তি করতে হবে আদালতকে।

বিলটি পাশ হওয়ায় শিক্ষার্থী ও অভিভাবকদের অভিনন্দন জানিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি এক্স হ্যান্ডলে লেখেন, ‘এই যুগান্তকারী বিলটি প্রশ্নপত্র ফাঁস রোধ করবে, আমাদের পরীক্ষা ব্যবস্থায় পূর্ণ স্বচ্ছতা ও সততা ফিরিয়ে আনবে এবং দুর্নীতির বিরুদ্ধে মেধার জয় নিশ্চিত করবে। কঠোর শাস্তি ও দ্রুত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থার ফলে দেশের যুবসমাজ এখন নিশ্চিত হতে পারে যে, তাদের ভবিষ্যৎ সুরক্ষিত।’ তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানিয়েছেন।

এদিন বিলটি পাশ করানোর ক্ষেত্রে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিবৃতির দাবিতে বিক্ষোভ দেখায় বিরোধী শিবির। তাদের দাবি, শাহকে লোকসভায় আসতে হবে এবং পড়ুয়াদের ওপর লাঠিচার্জ প্রসঙ্গে বিবৃতি দিতে হবে। যদিও বিলটি যিনি পেশ করেছেন সেই জিতেন্দ্র সিং জানান, সরকারের শীর্ষ স্তর থেকে পড়ুয়াদের ওপর বলপ্রয়োগের নির্দেশ দেওয়া হয়নি। এই নির্দেশ একজন ম্যাজিস্ট্রেট পদমর্যাদার আধিকারিক দেন। এদিন লোকসভায় বিলের ওপরে আলোচনায় অংশ নেন বিরোধী দলনেতা রাহুল গান্ধী। তিনি অভিযোগ করেন, পড়ুয়াদের ওপর বলপ্রয়োগের নির্দেশ দিয়েছিলেন অমিত শাহ এবং সেই কারণে তিনি সংসদে আসছেন না। তাঁর অভিযোগ, শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা করছে আরএসএস এবং পড়ুয়াদের ‘অন্ধভক্ত’ তৈরি করতে চাইছে। পাল্টা সরব হন শাসক জোটের সাংসদরা। রাহুলের বক্তব্যের সপক্ষে প্রমাণ দেওয়ার দাবি জানায় ট্রেজারি বেঞ্চ। বক্তব্য রাখার সময় রাহুল গান্ধীকে সতর্ক হওয়ার পরামর্শ দেন স্পিকার ওম বিড়লা। এই নিয়েও বাদানুবাদ হয়। প্রবল হট্টগোলে সভা মুলতুবি হয়। স্পিকারের সঙ্গে বৈঠক করেন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু এবং প্রিয়াঙ্কা গান্ধী। তারপর অমিত শাহ এবং পীযূষ গোয়েলের সঙ্গে আরেক দফা বৈঠক করেন রিজিজু। তিনটেয় সভা ফের শুরু হলে জবাবি ভাষণ দেন জিতেন্দ্র সিং। তারপরেই বিলটি পাশ হয়ে যায়।

জয়নগর-রায়দিঘি রেলে জট কাটছে

বাংলায় দক্ষিণ ২৪ পরগনার জয়নগর-রায়দিঘি নতুন রেল লাইনের জট খুলতে চলেছে। বুধবার রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে সাক্ষাতের পর জানালেন এনসিপিআই সাংসদ বাপি হালদার। তাঁর দাবি, মন্ত্রী তাঁকে আশ্বাস দিয়েছেন, নিশ্চিন্তপুর রোড স্টেশনের উন্নতিকরণ এবং লক্ষ্মীকান্তপুর-নামখানার ডবল লাইনের কাজও দ্রুত শেষ করা হবে।

জন্ম, মৃত্যু নিবন্ধীকরণ বিল

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৯ জুলাই

রাজ্যসভায় আজ, বুধবার জাতীয় সম্মান অবমাননা বিরোধী বিল পাশ হল। এই বিলে জাতীয় সঙ্গীত, ‘জনগণমন’র সমমর্যাদা দেওয়া হল জাতীয় স্তোত্র, ‘বন্দে মাতরম’কেও। জাতীয় স্তোত্রকে কোনও রকম অবমাননা করলে সম-শাস্তির বিধান দেওয়া হয়েছে এই বিলে। পাশাপাশি, জন্ম ও মৃত্যুর নিবন্ধীকরণ প্রক্রিয়া আরও স্বচ্ছ এবং জোরদার করতে একটি বিলও আনল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। এদিন লোকসভায় জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণ বিলটি পেশ করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিত্যানন্দ রাই। দেশের নাগরিকত্ব তালিকা আরও স্বচ্ছ করে তোলা, ভুয়ো নাগরিক চিহ্নিত করা এই বিলের মূল উদ্দেশ্য বলে জানানো হয়েছে। এই বিল অনুযায়ী, জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণে এক বছরের বেশি দেরি করলে জেলাশাসক, মহকুমা শাসক অথবা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের কাছ থেকে প্রয়োজনীয় নির্দেশ আনতে হবে। নির্দিষ্ট সময়ে যাতে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য নিবন্ধীকরণ করা যায়, তার জন্য এই বিল বলে জানিয়েছে সরকার।

কয়লা-কাণ্ডে মনমোহনকে ‘ক্লিনচিট’ দিল সুপ্রিম কোর্ট

আবু হায়াত বিশ্বাস

দিল্লি, ২৯ জুলাই

কয়লা কেলেঙ্কারির অভিযোগ থেকে প্রয়াত প্রধানমন্ত্রী মনমোহন সিংকে অব্যাহতি দিল শীর্ষ আদালত। ইউপিএ আমলের কয়লা ব্লক বরাদ্দ মামলায় তৎকালীন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের বিরুদ্ধে সিবিআইয়ের দাখিল-করা ক্লোজার রিপোর্ট গ্রহণ করে বুধবার তাঁর বিরুদ্ধে চলা ফৌজদারি মামলা বন্ধ করার নির্দেশ দিল প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চ। ২০১৫ সালে বিশেষ আদালতের জারি-করা সমন বাতিল করে শীর্ষ আদালত জানায়, ‘সিবিআইয়ের দাখিল-করা ক্লোজার রিপোর্ট পর্যালোচনা করে মামলাটি বন্ধ করা হচ্ছে।’

২০০৫ সালে ওড়িশার তালবিরায় বিড়লা গোষ্ঠীর একটি সংস্থা, হিন্দালকো-কে কয়লাখনি বণ্টন করে তৎকালীন ইউপিএ সরকার। সেই বরাদ্দকে কেন্দ্র করে মামলা দায়ের হয়। ২০১৫ সালে বিশেষ আদালত মনমোহন সিং, শিল্পপতি কুমারমঙ্গলম বিড়লা, প্রাক্তন কয়লা সচিব পিসি পারেখ-সহ কয়েকজনকে সমন জারি করেছিল। পরে সুপ্রিম কোর্ট সেই সমনের ওপর স্থগিতাদেশ দেয়। কয়লা ব্লক বরাদ্দ-সংক্রান্ত সিদ্ধান্তে কোনও অপরাধমূলক কর্মকাণ্ড নেই বলে দাবি করেছিলেন মনমোহন সিং। ২০২৪ সালের ডিসেম্বরে তিনি প্রয়াত হন। মৃত্যুর দু’বছর পর তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ খারিজ করে তাঁকে ‘ক্লিনচিট’ দিল শীর্ষ আদালত।

নিলামে উঠছে রাষ্ট্রপতির পাওয়া ৩০০ উপহার

সংবাদ সংস্থা

দিল্লি, ২৯ জুলাই

নিলামে উঠছে ‘অপারেশন সিঁদুর’-এর সম্মানসূচক স্মারক-সহ রাষ্ট্রপতির পাওয়া ৩০০টি উপহার। ৫ আগস্ট থেকে ই-নিলামে তোলা হচ্ছে উপহারগুলি, চলবে ৫ সেপ্টেম্বর পর্যন্ত। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কার্যকালের চার বছর সফল ভাবে পূর্ণ হওয়া উপলক্ষে এই উদ্যোগ নেওয়া হয়েছে। নিলাম থেকে পাওয়া সমস্ত অর্থ সামাজিক কাজে ব্যবহার করা হবে। উল্লেখ্য, ২০২২ সালের ২৫ জুলাই ভারতের ১৫তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছিলেন তিনি।

রাষ্ট্রপতি ভবন উপহার সংক্রান্ত একটি পুস্তিকায় জানিয়েছে, উপহারে পাওয়া প্রতিটি শিল্পকর্মের পিছনে রয়েছে নানা স্থান, ঐতিহ্য, সম্প্রদায় কিংবা দেশের যাত্রাপথের কোনও স্মরণীয় মুহূর্তের কাহিনি। ‘অপারেশন সিঁদুর’-এর সম্মানে নিবেদিত সোনালি রঙের স্মারকটি জাতীয় শক্তি, গর্ব এবং অটল সঙ্কল্পের প্রতীক বলে জানানো হয়েছে। বলা হয়েছে, ‘এটি ভারতীয় বায়ুসেনার বীরত্ব এবং জাতীয় সুরক্ষার প্রতি প্রতিশ্রুতির এক জীবন্ত প্রতিকৃতি। এটি বীরত্ব, সম্মান ও দেশপ্রেমের আদর্শ দিয়ে ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করে।’

নিলামে থাকা আরেকটি আকর্ষণ হল ১০৩ এলভিএম ৩ লঞ্চ ভেহিকলের প্রতিকৃতি, যা ভারতের মহাকাশ বিজয়, প্রযুক্তিগত উৎকর্ষ এবং আত্মনির্ভরতার প্রতীক। লঞ্চ ভেহিকল মার্ক ৩ আগে উপগ্রহ উৎক্ষেপণ যান মার্ক ৩ (জিএসএলভি মার্ক ৩) নামে পরিচিত ছিল। এটি হল ইসরোর সবচেয়ে ভারী ওজনের মহাকাশ উৎক্ষেপণ যান। মহাযোগী গুরু গোরক্ষনাথজির একটি চিত্রকর্ম, ত্রিপুরার ত্রিপুরেশ্বরী দেবী মন্দিরের প্রতিকৃতি, রাজস্থানি মিনিয়েচার পেন্টিং এবং গৌতম বুদ্ধের বাঁধাই করা ছবিও রয়েছে নিলাম তালিকায়।

আগ্রহীরা http://upahaar.rashtrapatibhavan.gov.in ওয়েবসাইটের মাধ্যমে এই উপহারগুলি কিনতে পারবেন।

চার বছর পূর্তি উপলক্ষে মঙ্গলবার একটি ই-অডিও গাইডেরও উদ্বোধন করেছেন রাষ্ট্রপতি মুর্মু। অ্যাপভিত্তিক বহুভাষিক গাইডটি হিন্দি, ইংরেজি এবং ভারতীয় সংবিধানের অষ্টম তফসিলে অন্তর্ভুক্ত চৌদ্দটি ভাষায় উপলব্ধ। সাইন ল্যাঙ্গুয়েজে সুবিধাও রয়েছে এতে। রাষ্ট্রপতি ভবনের কর্মীদের শিশুদের জন্য ‘বপন’ শিশু চত্বরেরও উদ্বোধন করেন রাষ্ট্রপতি।

‘রাহি’ (রাষ্ট্রপতি ভবন অ্যাক্সেস অ্যান্ড হেরিটেজ ইন্টারকানেক্টর) নামে বিনামূল্যে যাতায়াতের বৈদ্যুতিক বাস পরিষেবারও সূচনা করেছেন তিনি। রাষ্ট্রপতি ভবনের কর্মী ও আবাসিকদের জন্য ২৭ আসনের এই বাসটি হুইলচেয়ার চলাচলের উপযোগী। পরিচালনা করবেন মহিলা চালক ও কনডাক্টররা।